

দীর্ঘ দুই বছর বন্ধ ছিল প্রাথমিকের শিক্ষকদের বদলি। করোনাকালে শিক্ষকদের বদলি একটি আদেশের মাধ্যমে বাতিল করা হয়। এবার সেই আদেশ প্রত্যাহার করেছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। সোমবার ডিপিই পরিচালক (পলিসি অ্যান্ড অপারেশন) স্বাক্ষরিত চিঠি থেকে এ তথ্য জানা গেছে। প্রাথমিকে বদলির বিষয়ে দীর্ঘদিন ধরে দাবি জানিয়ে আসছিলেন শিক্ষকরা।

এদিকে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক আলমগীর মুহম্মদ মনসুরুল আলমকে জনপ্রশাসনে ওএসডি করা হয়েছে। অবসর গ্রহণের সুবিধার জন্য তাকে ওএসডি করা হয়।

এর আগে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তারা জানিয়েছিলেন, চলতি মাসে প্রাথমিকে শুরু হচ্ছে বদলি কার্যক্রম। তবে বদলি চলবে শুধু উপজেলার ভেতরে। সেখানেই এ বদলি সীমাবদ্ধ থাকবে।

দীর্ঘদিন বদলি প্রক্রিয়া বন্ধের কারণ সম্পর্কে এক কর্মকর্তা জানান, প্রাথমিকে শিক্ষক নিয়োগ প্রক্রিয়া চলছে। শূন্য পদের ভিত্তিতে এই নিয়োগ হওয়ার কারণে বদলি চালু করা হলে হ-য-ব-র-ল অবস্থা তৈরি হত। যে কারণে বদলি প্রক্রিয়া চালু করা হয়নি।